দৈনিক ইত্তেফাক

তারিখ 14 AUG 1987
পৃষ্ঠা ... ৮

৩০শে শ্রাবণ ১৩৯৪

৭৭

## কৃষি শিক্ষা প্রসঙ্গে

কৃষি প্রধান বাংলাদেশে কৃষি উন্নয়নের লক্ষ্যে কৃষি-শিক্ষার দ্রুত প্রসারে প্রতিটি বিভাগে একটি করিয়া কৃষি কলেজ স্থাপন করা উচিত। এইসব কৃষি কলেজসমূহকে বর্তমানে ইঞ্জিনিয়ারিং কলেজ-গুলির মত স্বায়ত্তশাসন প্রদান করিতে হইবে। উল্লেখ্য, বর্ত-মানে দেশের সকল ইঞ্জিনিয়ারিং কলেজ, বাংলাদেশ ইনষ্টিটিউট অব টেকনোলজি নামক একটি নব প্রতিষ্ঠিত সংস্থার অধীনে পরিচালিত। দেশের কৃষি কলেজগুলির উন্নয়নের স্বার্থে তদ্রূপ বাংলাদেশ ইনষ্টিটিউট অব এগ্রিকালচার নামে একটি নূতন প্রতিষ্ঠান স্থাপন অত্যন্ত জরুরী।

—মোঃ জাহিদুল হক,
সহকারী অধ্যাপক, বাংলাদেশ কৃষি কলেজ, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।